

বঙ্গবন্ধু কাউন্সিলের মেলা-উত্তর পুনর্মিলনী

আনিসুর রহমানঃ গত ১লা মে হ্যারিস পার্কের স্পাইস অফ লাইফ রেস্টোরাইন অনুষ্ঠিত হয়েছে বঙ্গবন্ধু কাউন্সিল অস্ট্রেলিয়ার বৈশাখী মেলা-উত্তর পুনর্মিলনী। সপরিবারে কাউন্সিলের সদস্যবৃন্দ সহ প্রায় একশ আমন্ত্রিত অতিথি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সাধারণ সম্পাদক, সাংস্কৃতিক সম্পাদক, প্রাক্তন সভাপতি, বর্তমান সভাপতি এবং



বিভিন্ন মিডিয়া প্রতিনিধিদের শুভেচ্ছা বক্তব্যের পর দুপুরের খাবার পরিবেশন করা হয়। খাবারের পর গত ৯ই এপ্রিল অলিম্পিক পার্ক বৈশাখী মেলার মঞ্চে পরিবেশিত বাংলাদেশের সংগ্রাম ও সংস্কৃতির ধারা নিয়ে নির্মিত জনপ্রিয় মিউজিক্যালটির ভিডিও প্রদর্শন করা হয়। প্রদর্শনীর পরে যাদের চিন্তা-চেতনা এবং অক্লান্ত পরিশ্রমের ফলে এই বিশাল শিল্পকর্মটি নির্মাণ করা সম্ভব হয়েছে তাদের সকলকে অতিথিদের সাথে পরিচয় করিয়ে দেয়া হয়।



মিউজিক্যালের কলা-কুশলীবৃন্দঃ (বাম থেকে) চাঁদনী, ফয়সল, নিস্বন, সৌর, আদনান, হাফিজ, রূপসা, এ্যাসলি এবং দিতি